C40

তারিখ 28 AUG 1987
পৃষ্ঠা 1 কলাম 8

# ঢাকা বিশ্ববিদ্যালয় আগামী মাসের মাঝামাঝি খুলে দেয়ার চিন্তাভাবনা হচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী মাসের মাঝামাঝি সময়ে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার কথা চিন্তাভাবনা করছেন।

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের প্রাধ্যক্ষ ও ডীনদের এক সভায় বিশ্ববিদ্যালয় খোলার আগেই আবাসিক হল প্রশাসনকে আরো কার্যকর করে তোলার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। বিশ্ববিদ্যালয় খোলার প্রস্তুতি হিসেবে সভায় আবাসিক হলগুলোতে বিশেষ কিছু নিয়ম-কানুন প্রয়োগের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিশেষ অবস্থায় হল প্রাধ্যক্ষকে সরাসরি আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সাহায্য নেয়ার ক্ষমতা দেয়া হয়েছে।

অন্য নিয়ম-কানুনের মধ্যে

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

রয়েছে সকল হলে মেধার ভিত্তিতে সীট বন্টন মাষ্টার্স, ডিগ্রী পরীক্ষার পর কর্তৃপক্ষকে সীট বুঝিয়ে না দিলে ফলাফল স্থগিত রাখাসহ তাদের বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, অবৈধভাবে হলে অবস্থানকারীরা হল না ছাড়লে সেই কক্ষগুলোতে তালা দেয়া, সপ্তাহে ৫দিন রাতে নিয়মিত রোল কল করা ইত্যাদি।

### শাস্তিমূলক ব্যবস্থা

সন্ত্রাস সম্পর্কিত তদন্ত কমিটি এ মাসের মধ্যেই রিপোর্ট দেবে এবং রিপোর্টের সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় খোলার আগেই কয়েকজন ছাত্রকে বহিস্কার করবেন বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্রে আরো জানা গেছে, এই সিদ্ধান্ত কার্যকর করতে সহযোগিতা চেয়ে কর্তৃপক্ষ সরকার এবং বিভিন্ন রাজনৈতিক দলের সাথে বৈঠকে বসবেন। বিবদমান দু'টি ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদল এবং ছাত্রলীগ (মু-না) নেতৃবৃন্দের সাথে কর্তৃপক্ষ ইতিমধ্যেই পৃথক পৃথকভাবে কথা বলে তাদের বক্তব্য শুনেছেন বলেও জানা গেছে।

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে সাধারণ ছাত্রদের দু'টি দল আগামীকাল শনিবার সকাল ১০টায় অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্র সমাবেশ আহ্বান করেছে।